দৈনিক সংবাদ

তারিখ 05 JUL 1994
পৃষ্ঠা ?  কলাম ৫

২৪

ঢাকা মেডিক্যাল কলেজে ধর্মঘট

# ছাত্রনেতা ও শিক্ষকদের নিয়ে গঠিত কমিটির নির্ধারিত সভা হয়নি

(মেডিক্যাল রিপোর্টার)

ঢাকা মেডিক্যাল কলেজ সর্বদলীয় ছাত্র-ঐক্য আহূত অবিরাম ধর্মঘটের গতকাল সোমবার ৮ম দিন অতিবাহিত হয়েছে।

বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ, সংসদের ভিপি, জিএস এবং শিক্ষক-মন্ডলীকে নিয়ে গঠিত কমিটির নির্ধারিত সভা গতকাল হয়নি।

ওই কমিটিতে সভাপতি পদে অধ্যক্ষ জহুরুল মাওলা চৌধুরীর অন্তর্ভুক্তিতে ছাত্র নেতৃবৃন্দ ক্ষোভ প্রকাশ করেন এবং সভা

মেডিক্যাল : পৃঃ ১০ কঃ ৫

## মেডিক্যাল : নির্ধারিত সভা হয়নি

(১ম পৃষ্ঠার পর)

বর্জন করেন। তারা সভাপতি হিসেবে হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জহিরুদ্দিনের নাম প্রস্তাব করেছিলেন। একাডেমিক কাউন্সিলের একজন সদস্য জানান, ছাত্র নেতৃবৃন্দের অনুপস্থিতিতেই গতকাল নির্ধারিত সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সার্বিক পরিস্থিতি পর্যালোচনাশেষে উদ্ভূত সংকট নিরসনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার লক্ষ্যে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এদিকে ছাত্র নেতৃবৃন্দ তাদেরকে বাদ দিয়ে একতরফাভাবে শিক্ষকদের সিদ্ধান্ত গ্রহণ করার নীতির তীব্র সমালোচনা করেছেন। তারা ৪ দফা দাবি আদায় না হওয়া পর্যন্ত ধর্মঘট অব্যাহত রাখার জন্যে সর্বস্তরের ছাত্র-ছাত্রীর প্রতি আহ্বান জানিয়েছেন।